



27 October 2020

**Embassy of the People's Republic of Bangladesh
Bangkok**

জরুরী বিজ্ঞপ্তি

থাইল্যান্ডে বসবাসরত প্রবাসী বাংলাদেশীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, থাই মিনিস্ট্রি অফ ইনটেরিয়র এর ৩০ সেপ্টেম্বর ২০২০ তারিখের বিশেষ ঘোষণা অনুযায়ী বিদেশী নাগরিকদের জন্য থাইল্যান্ডে অস্থায়ীভাবে থাকার বিশেষ অনুমতি আগামী ৩১ অক্টোবর ২০২০ তারিখে শেষ হবে। এই সময়ের পর যারা থাইল্যান্ডে অস্থায়ীভাবে থাকতে ইচ্ছুক তাঁদেরকে ৩১ অক্টোবর ২০২০ তারিখের মধ্যে থাই ইমিগ্রেশন অফিসে আবেদন করার পরামর্শ দেওয়া হয়েছে। ৩১ অক্টোবর ২০২০ এর পর জরিমানা প্রদান সাপেক্ষে পরবর্তী ৯০ দিন পর্যন্ত আবেদন করা যাবে। এই সময়ের মধ্যে কেউ আবেদন করতে ব্যর্থ হলে তিনি মেয়াদ-উত্তীর্ণ হিসাবে বিবেচিত হবেন এবং থাইল্যান্ডের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে। সেক্ষেত্রে তাঁদেরকে নিজ দেশে ফেরত পাঠানো হবে এবং থাইল্যান্ডে নিষিদ্ধ হতে পারেন। বিস্তারিত জানার জন্য থাই ইমিগ্রেশনের ওয়েব সাইটঃ <https://www.immigration.go.th/en/> ভিজিট করার অনুরোধ করা যাচ্ছে।



ইশতিয়াক উদ্দিন আহমেদ
কাউন্সেলর ও দূতালয় প্রধান